

১০১০
৪৬

রাজধানীর 'বি' গ্রুপভুক্ত ৮টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার : রাজধানীর ২৪টি সরকারি স্কুলের মধ্যে 'বি' গ্রুপভুক্ত ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা গতকাল (শুক্রবার) অনুষ্ঠিত হয়েছে। দুই শিফটে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত প্রথম শিফটে প্রথম থেকে চতুর্থ শ্রেণী এবং বেলা ২টা থেকে ৪টা পর্যন্ত দ্বিতীয় শিফটে পঞ্চম থেকে নবম শ্রেণীর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। 'বি' গ্রুপের ৮টি স্কুলের মধ্যে রয়েছে মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম হাই স্কুল, বাংলাবাজার সরকারি উচ্চ বিদ্যালয়, শেরেবাংলানগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুল, ধানমন্ডি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমন্ডি কামরুন্নেসা সরকারি উচ্চ বিদ্যালয়। এই ৮টি স্কুলে ৩ হাজার ১৮৬ আসনের বিপরীতে ১৪ হাজার ৫৪০ জন পরীক্ষার্থী অংশগ্রহণ

করে। গতকাল সকাল থেকেই এই স্কুলগুলোর আশপাশে মানুষের উপচেপড়া ভিড় ছিল। এছাড়া 'এ' গ্রুপভুক্ত ৮টি স্কুলের ভর্তি পরীক্ষা আজ শনিবার দুই শিফটে অনুষ্ঠিত হবে। 'এ' গ্রুপের স্কুলগুলোতে ২ হাজার ৩১৪টি আসনের বিপরীতে ১১ হাজার ৬৬০ জন শিক্ষার্থী অংশ নেবে। 'এ' গ্রুপভুক্ত ৮টি স্কুলের মধ্যে রয়েছে গভঃ ল্যাভরেটরি হাই স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাই স্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। এবার ২৪টি সরকারি স্কুলে মোট ৭ হাজার ৯৮৩টি আসনের বিপরীতে ৩৯ হাজার ৭৮৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এদিকে গতকাল (শুক্রবার) ডিকারুননিসা নূন স্কুলের মূল প্রভাতি শাখার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।